

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 07-10-2025
Time: 07:55-08:05 PM Hrs
BENGALI EVENING BULLETIN**

Headlines :

- (১) রাষ্ট্রপতি দ্রোপদী মুর্মু বলেছেন, দেশের সশস্ত্র বাহিনী অপারেশন সিঁড়ুরের সময়, কৌশলগত দূরদর্শিতা প্রদর্শন করেছে।
- (২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আগামীকাল দক্ষিণ জেলার শান্তিরবাজারে বকাফা আশ্রম ইংলিশ মিডিয়াম দ্বাদশ স্কুল প্রাঙ্গনে দুইদিনব্যাপী রাজ্যভিত্তিক ৩৩তম ইজাগিরি উৎসবের উদ্বোধন করবেন।
- (৩) প্রধানমন্ত্রী নবেন্দ্র মোদী বিকশিত ভারতের স্বল্প পূরণে আরও কঠোর পরিশ্রম করবেন বলে দেশবাসীকে আশ্বাস দিয়েছেন।
- (৪) প্রধানমন্ত্রী ফসল বীমা যোজনায় খারিফ মৱশুমে আমন ধানের জন্য কৃষকদের বীমার আওতায় নিয়ে আসতে ব্যাপক প্রচার করছে কৃষিদপ্তর।

President-Operation Sindoar :

রাষ্ট্রপতি দ্রোপদী মুর্মু বলেছেন, দেশের সশস্ত্র বাহিনী অপারেশন সিঁড়ুরের সময়, কৌশলগত দূরদর্শিতা প্রদর্শন করেছে। একটি সুপরিকল্পিত, সমন্বিত কার্যকরী পদক্ষেপ নিয়ন্ত্রণ রেখা বরাবর সন্ত্রাসবাদী পরিকাঠামোকে সম্পূর্ণভাবে ধ্বংস করে দিয়েছে। আজ রাষ্ট্রপতি ভবনে ন্যাশনাল ডিফেন্স কলেজের ৬৫তম কোর্সের শিক্ষক ও ছাত্রছাত্রীদের উদ্দেশ্যে ভাষণ দেবার সময় তিনি একথা বলেন।

State Level Hazagari Festival :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আগামীকাল দক্ষিণ জেলার শান্তিরবাজারে বকাফা আশ্রম ইংলিশ মিডিয়াম দ্বাদশ স্কুল প্রাঙ্গনে দুইদিনব্যাপী রাজ্যভিত্তিক ৩৩তম হজাগিরি উৎসবের উদ্বোধন করবেন। ক্ল সোসিও কালচারাল অর্গানাইজেশন আয়োজিত এই অনুষ্ঠান শুরু হবে সন্ধ্যা ৭টা থেকে। এই উৎসবে রিয়াংদের ঐতিহ্যবাহী হজাগিরি নৃত্য ছাড়াও থাকবে রাজ্যের অন্যান্য জনগোষ্ঠীর শিল্পীদের সাংস্কৃতিক অনুষ্ঠান। রাজ্য সরকারের বিভিন্ন দপ্তরের পক্ষ থেকে প্রদর্শনী মন্ত্রপত্র থোলা হবে।

FICCI FRAMES SILVER JUBILEE :

আজ মুম্বাইতে FICCI FRAMES-এর রাজতজ্যস্তী সংস্করণের উদ্বোধন হয়েছে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার সচিব সঞ্জয় জাজু এবং অভিনেতা আয়ুষ্মান খুরানা। উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে, শ্রী জাজু গত ২৫ বছরে সংবাদ জগৎ এবং বিনোদন শিল্পের উল্লেখযোগ্য অগ্রগতির কথা তুলে ধরেন। তিনি বলেন, এই শিল্প ২৫ হাজার কোটি টাকা থেকে দশগুণ বৃদ্ধি পেয়ে দুই লক্ষ ৫০ হাজার কোটি টাকায় পৌঁছেছে। তিনি ভারতীয় সিনেমার বিশ্বব্যাপী আবেদন তুলে ধরেন, লাগান, স্লামডগ মিলিওনেয়ার, আরআরআর, বাহবলী এবং দ্য এলিফ্যান্ট হিস্পারার্সের মতো চলচ্চিত্রের কথা উল্লেখ করেন। তিনি বলেন, এই ছবিগুলির সাফল্য দেখায় ভারতে এখনও প্রচুর সংখ্যক অকথিত গল্প রয়েছে যা বিশ্বকে অনুপ্রাণিত করতে পারে। WAVES OTT প্ল্যাটফর্ম সম্পর্কে বলতে গিয়ে, প্রসার ভারতীর সিইও গোরব দ্বিবেদী বলেন, প্ল্যাটফর্মটি সমস্ত ভারতীয় কন্টেন্টের জন্য একটি ওয়ান-স্টপ শপ হিসেবে পরিকল্পনা নেওয়া হয়েছে।

India's First 100% Plastic Recyclable Station :

উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ে পরিবেশগত স্থায়িত্ব বৃদ্ধি এবং ভারতীয় রেলওয়ের গ্রীন মিশন ২০৩০-এর লক্ষ্য অর্জনের জন্য তার নেটওয়ার্কে

একাধিক অগ্রণী পদক্ষেপ শুরু করেছে। এই প্রচেষ্টার মধ্যে রয়েছে গুয়াহাটী
রেলওয়ে স্টেশনকে ভারতের প্রথম ১০০ শতাংশ প্লাস্টিক পুনর্ব্যবহারযোগ্য
স্টেশন হিসাবে গড়ে তোলা। এই পরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে উত্তর-পূর্ব
সীমান্ত রেলওয়ে, অসম দূষণ নিয়ন্ত্রণ বোর্ড এবং আইআইটি গুয়াহাটির
মধ্যে মৌ স্বাক্ষরিত হয়েছে।

Digital Ration Card :

খাদ্য দপ্তরের উদ্যোগে সোনামুড়া মহকুমায় সমস্ত ন্যায়মূল্যের দোকানের
ভোক্তাদের ডিজিটাল রেশন কার্ড বিতরণ করা হবে। বর্তমানে সোনামুড়া
মহকুমায় রেশন কার্ডের সংখ্যা রয়েছে মোট ৬১ হাজার ২০০টি। এরমধ্যে
এখন পর্যন্ত ২৭ হাজার রেশন কার্ডকে ডিজিটাল রেশন কার্ডের আওতায়
আনা হয়েছে। সোনামুড়া মহকুমার খাদ্য আধিকারিক রাজ মলসম এই
সংবাদ জানিয়েছেন।

Aadi Karmayogi Abhiyan-South :

জোলাইবাড়ি ব্লকের পূর্ব পিলাক এডিসি ভিলেজকে আদি কর্মযোগী অভিযান
প্রকল্পের দক্ষিণ জেলার পাইলট গ্রাম হিসাবে চিহ্নিত করা হয়েছে। দক্ষিণ
জেলার জেলা শাসক মহম্মদ সাজ্জাদ পি আজ বিলোনিয়া সার্কিট হাউসে
সাংবাদিক সম্মেলনে এখবর জানান। উপস্থিত ছিলেন দক্ষিণ জিলা পরিষদের
সভাধিপতি দীপক দত্ত, জেলার অতিরিক্ত জেলাশাসক মহম্মদ হাফিজউদ্দিন।

International Older Person Day :

জেলা সমাজকল্যাণ ও সমাজশিক্ষা কার্যালয়ের উদ্যোগে আগামী ১০ই
অক্টোবর খোয়াই জেলাভিত্তিক আন্তর্জাতিক প্রবীণ দিবস উদযাপন করা
হবে। ত্রিদিন খোয়াই টাউনহলে আয়োজিত এক অনুষ্ঠানে ৪ জন প্রবীণ
নাগরিককে সম্মাননা প্রদান করা হবে। এরমধ্যে রয়েছে জেলা শ্রেষ্ঠ ৯০

বছর উর্ধ্ব প্রবীণ সম্মান, ৭০ বছর উর্ধ্ব জেলা শ্রেষ্ঠ প্রবীণ জীবন সম্মান, ৬০ বছর উর্ধ্ব জেলা শ্রেষ্ঠ প্রবীণ সূজন কলা সম্মান ও ৬০ বছর উর্ধ্ব জেলা শ্রেষ্ঠ প্রবীণ সাহসিকতা সম্মান।

আন্তর্জাতিক প্রবীণ দিবস উপলক্ষে জেলার বিভিন্ন দুর্গা পূজার মন্ডপে প্রবীণ নাগরিকদের মর্যাদা ও অধিকার সুরক্ষা বিষয়ে যেসব ক্লাব, বারোয়াড়ি পূজা কমিটি প্রচারসংজ্ঞার মাধ্যমে জনসাধারণের মধ্যে সচেতনতা বৃদ্ধির উদ্যোগ গ্রহণ করেছে তাদের পুরস্কৃত করা হবে।

Update Akashvani :

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

Sound Byte

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন - ডিস্ট্রিউ. ডিস্ট্রিউ. ডিস্ট্রিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলাটস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

PM-Vikshit Bharat :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বিকশিত ভারতের স্বল্প পূরণে আরও কঠোর পরিশ্রম করবেন বলে দেশবাসীকে আশ্বাস দিয়েছেন। আজ এক্স হ্যান্ডেলে এক বার্তায় তিনি এই আশ্বাসের কথা বলেন। তিনি জানান, সরকারের যুগান্তকারী প্রচেষ্টা সমগ্র ভারত জুড়ে মানুষকে, বিশেষ করে নারী শক্তি, যুব শক্তি এবং পরিশ্রমী অন্নদাতাদের ক্ষমতায়িত করেছে। ২৫ কোটিরও

বেশি মানুষ দারিদ্রতার কবল থেকে মুক্তি পেয়েছে। প্রধানমন্ত্রী বলেন, ভারত বিশ্বের প্রধান অর্থনীতির মধ্যে একটি অন্যতম স্থানে রয়েছে। ভারতকে আম্বনির্ভর করে তোলার লক্ষ্য তিনি দেশবাসীকে স্বদেশী পণ্য সামগ্রী ব্যবহারের উপর গুরুত্ব আরোপ করেন।

Viksit Bharat Buildathon 2025 :

শিক্ষা মন্ত্রক বিকশিত ভারত বিল্ডাথন ২০২৫-এর জন্য নিবন্ধনের সময় সীমা আগামী ১১ই অক্টোবর পর্যন্ত বৃক্ষি করেছে। অটল ইনোভেশন মিশন, নীতি আয়োগের সহযোগিতায় চালু করা এই উদ্যোগটি একটি দেশব্যাপী উদ্ভাবনী আন্দোলন যার লক্ষ্য সারা দেশ থেকে প্রায় আড়াই লক্ষ স্কুল পড়ুয়াকে এক সঙ্গে যুক্ত করা। এটি দেশের সর্বকালের বৃহত্তম ছাত্র উদ্ভাবনী উদ্যোগের প্রতিনিধিত্ব করে এবং বিকশিত ভারত ২০৪৭ এর দৃষ্টিভঙ্গির দিকে একটি গ্রাহিত পদক্ষেপ চিহ্নিত করে। শিক্ষা মন্ত্রক থেকে বলা হয়েছে যে এই উদ্যোগটি ষষ্ঠ থেকে দ্বাদশ শ্রেণির স্কুল পড়ুয়াদের জন্য।

PMFBY :

প্রধানমন্ত্রী ফসল বীমা যোজনায় খারিফ মরশুমে আমন ধানের জন্য কৃষকদের বীমার আওতায় নিয়ে আসতে উনকোটি জেলাতে ব্যাপক প্রচার করছে কৃষি ও কৃষক কল্যাণ দপ্তর। দপ্তরের উপ-অধিকর্তা সৌমেন বন্দী জানান, জেলায় পনেরো হাজার কৃষককে তাদের চাষের আমন ধানের বীমা করানোর লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। কানি প্রতি দশ টাকা প্রিমিয়াম দিয়ে কৃষকরা নিকটবর্তী কমন সার্ভিস সেন্টার উল্লেখিত বীমার নথীভুক্তিকরণ করতে পারবেন। নথীভুক্তিকরণের শেষ তারিখ আগামী ১৫ই অক্টোবর।

President :

রাষ্ট্রপতি দ্বোপদী মুর্মু আজ মহর্ষি বাল্মীকী জন্মজয়ন্তী উপলক্ষে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। আজ সামাজিক মাধ্যমে রাষ্ট্রপতি মুর্মু বলেন, মহর্ষি বাল্মীকী হচ্ছেন আধ্যাত্মিক জাগরণ, সহানুভূতি ও মানবিক আদর্শের প্রতীক। বাল্মীকী মুনিকে ভারতীয় সংস্কৃতির মূল ভিত্তি বলে আখ্যায়িত করে দেশের নাগরিকদের তার আদর্শকে অনুসরন করার আহ্বান জানান তিনি। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এবং উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণনও বাল্মীকীর জন্মদিন উপলক্ষে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন।

PM :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী দু'দিন মহারাষ্ট্র সফর করবেন। আগামীকাল তিনি নবি মুস্লাই আন্তর্জাতিক বিমানবন্দরের উদ্বোধন করবেন এবং মুস্লাইয়ে বিভিন্ন প্রকল্পের সূচনা ও জাতির উদ্দেশ্যে উৎসর্গ করবেন। এই উপলক্ষে তিনি সমাবেশেও ভাষণ দেবেন।

ঝই অক্টোবর মুস্লাইয়ে প্রধানমন্ত্রী শ্রী মোদী যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী স্যার কিয়ের স্টারমারকে স্বাগত জানাবেন। তারা মুস্লাইয়ের জিও ওয়ার্ল্ড সেন্টারে সি.ই.ও ফোরামে যোগ দেবেন। এরপর গ্লোবাল ফিলটেক ফেস্টের ষষ্ঠ সংস্করণে অংশ নেবেন। সেখানে তাদের ভাষণ দেবারও কথা রয়েছে। দেবেন।

Amit shah-RAF :

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ 'র্যাপিড অ্যাকশন ফোর্স'-এর প্রতিষ্ঠা দিবসে বাহিনীর সমস্ত কর্মীদের শুভেচ্ছা জানিয়েছেন। সামাজিক মাধ্যমে একটি পোস্টে শ্রী শাহ উল্লেখ করেন, এই বাহিনী ভারতের অভ্যন্তরীণ নিরাপত্তার স্তুতি হিসেবে সমাদৃত এবং অদম্য সাহস ও ত্যাগের মাধ্যমে পেশাদারিস্থের ক্ষেত্রে একটি উজ্জ্বল দৃষ্টান্ত স্থাপন করেছে।

Special Mediation Campaign :

জাতির জন্য মধ্যস্থতা-৯০ দিনের বিশেষ অভিযানে রাজ্যে ১৬৯টি মামলার নিষ্পত্তি হয়েছে। রাজ্য আইনসেবা কর্তৃপক্ষের সদস্য সচিব ঝুমা দত্ত চৌধুরী আজ এখবর জানিয়েছেন। তিনি জানান, ত্রিপুরা হাইকোর্টের মিডিয়েশন সেন্টার এবং আট জেলায় মিডিয়েশন সেন্টারে ১ হজার ৬০৭টি মামলা নিষ্পত্তির জন্য আদালত থেকে পাঠানো হয়েছিল। ত্রিপুরা হাইকোর্টে মিডিয়েশন কেন্দ্রে চারটি মামলার নিষ্পত্তি হয়। দক্ষিণ জেলা মিডিয়েশন কেন্দ্রে ২৪টি, ধলাই জেলায় ১১টি, পশ্চিম জেলায় ৩৩টি, উন্কোটি জেলায় ১২টি মামলার নিষ্পত্তি হয়। তাছাড়া খোয়াই জেলার মিডিয়েশন কেন্দ্রে ১০টি, উত্তর ত্রিপুরা জেলায় ১৭টি, সিপাহিজলা জেলায় ৭টি ও গোমতী জেলার মিডিয়েশন কেন্দ্রে ৫১টি মামলা নিষ্পত্তি হয়েছে।

Drug seized-Churaibari-Assam :

কলকাতা থেকে আগরতলাগামী একটি পণ্যবাহী লরি থেকে আজ ৩০ লক্ষাধিক টাকা মূল্যের নেশাজাতীয় ‘এসকফ’ ব্র্যান্ডের কফ সিরাপ বাজেয়াপ্ত করা হয়। অসমের বাজারিচড়ায় পুলিশ এই নেশা সামগ্রী আটক করে।

Weather :

আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৪.৫ ডিগ্রি সেলসিয়াস।
